

ঢাকা ওয়াসা

- (১) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ইং অর্থবছরের সংশোধিত বাজেট বরাদ্দের কপি।
- (২) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত ক্রয় পরিকল্পনার কপি।
- (৩) দরের স্বপক্ষে পূর্বানুমোদিত দরের কপি।
- (৪) গিয়ারবক্স সেট এর টেকনিক্যাল স্পেসিফিকেশন।
- (৫) মালামাল ও তৎসংশ্লিষ্ট সেবা ক্রয় কাজের প্রাক্কলন।
- (৬) আলোচ্য কাজের প্রতিবেদন।

Name of the work: Supply of gearbox with related services for discharge chamber inlet & outlet gate of outfall pumping station কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

১। সংযুক্ত ক্রমিক নং ০১ হতে ০৬ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের আওতাধীন ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে সচল ১৭টি পয়ঃ উত্তোলন কেন্দ্র (এস.এল.এস) রয়েছে। উক্ত পয়ঃ উত্তোলন কেন্দ্রগুলোর মাধ্যমে ঢাকা মহানগরীর পয়ঃ সমূহ ট্রাংক মেইনের মাধ্যমে সরবরাহ/প্রেরণ করে পাগলা পয়ঃ শোধনাগারে বিভিন্ন প্রক্রিয়ায় অর্থাৎ লিফটিং পাম্প, সেডিমেন্টেশন ট্যাংক ও ফ্যাকালটেটিভ লেগুনে এরোবিক ও এ্যানারোবিক প্রক্রিয়ায় পয়ঃ শোধন করে আউটফল পাম্পিং স্টেশনের মাধ্যমে পাম্পিং করে সর্বশেষ ধাপে ডিসচার্জ চেম্বারে লিকুইড ক্লোরিন গ্যাস মিশ্রিত করে ভূ-গর্ভস্থ পাইপ লাইনের মাধ্যমে পরিশোধিত পানি কালেকটিং চেম্বার হয়ে বুড়িগঙ্গা নদীতে ডিসচার্জ করা হচ্ছে। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের আওতাধীন আউটফল পাম্পিং স্টেশনে বিভিন্ন ক্যাপাসিটির অর্থাৎ ৯০ কিলোওয়াট ৩১.৮ ঘনমিটার/মিনিট ক্যাপাসিটির ২ সেট, ৪৫ কিলোওয়াট ৩৯৫ লিটার/সেকেন্ড ক্যাপাসিটির ৩ সেট, ১১ কিলোওয়াট ৫৯.৮ লিটার/সেকেন্ড ক্যাপাসিটির ২ সেট ও ১.৫ কিলোওয়াট ০.২ ঘনমিটার/মিনিট ক্যাপাসিটির ১ সেট ফ্লোর-ডিওয়াটারিং সহ মোট ৮ সেট পাম্প মোটর রয়েছে। উক্ত পাম্প মোটরগুলোর সাকশনে অর্থাৎ ইনলেটে ২টি ও ডেলিভারী সাইডে অর্থাৎ ডিসচার্জ চেম্বারের ইনলেটে ১টি, ফ্যাকালটেটিভ লেগুন 'বি' এর ইনলেটে ১টি ও আউটলেটে ২টি স্লইচ গেট রয়েছে। স্লইচ গেটগুলো অন-অফ করার জন্য প্রতিটি গেটের সাথে ১টি করে ম্যানুয়াল অপারেটেড গিয়ারবক্স রয়েছে। উক্ত গিয়ারবক্সগুলো প্ল্যান্টের শুরুতে অর্থাৎ ১৯৯২ সালে স্থাপন করা হয়েছে। দীর্ঘদিন ধরে ব্যবহারের ফলে গিয়ারবক্সগুলো ভেঙ্গে/নষ্ট হয়ে গিয়েছে। বর্তমানে গিয়ারবক্স না থাকায় গেটগুলো অপেন-ক্লোজ করা যাচ্ছে না। ফলে পাম্প মোটর মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজে অসুবিধাসহ বর্ষা মৌসুমে ব্যাক প্রেসারে প্ল্যান্ট নদীর পানি প্রবেশ করার সম্ভাবনা থাকে। সেই কারনে মোটরগুলোর সাকশনে অর্থাৎ ইনলেটে ২টি ও ডেলিভারী সাইডে অর্থাৎ ডিসচার্জ চেম্বারের ইনলেটে ১টি, ফ্যাকালটেটিভ লেগুন 'বি' এর ইনলেটে ১টিসহ মোট ৪টি স্লইচ গেটের গিয়ারবক্স ক্রয় ও স্থাপনসহ আনুষংগিক কাজ করা প্রয়োজন।

১.১। সেই আলোকে পূর্বানুমোদিত দরের ভিত্তিতে "Supply of gearbox with related services for discharge chamber inlet & outlet gate of outfall pumping station" শীর্ষক কাজের একটি প্রাক্কলন তৈরী করে উপস্থাপন করা হ'ল। এতে মোট টাকার পরিমান দাঁড়িয়েছে ২৪,৮৭,৮৭৯.০০(চব্বিশ লক্ষ সাতাশি হাজার আটশত ঊনআশি) টাকা মাত্র। উক্ত ক্রয় কাজের খরচ পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের সংশোধিত রাজস্ব বাজেট বরাদ্দের "পানি ও পয়ঃ শোধনাগার(ও এন্ড এম)" (কোড ০১-০৪-০১১) খাত হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য ক্রয় কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং- ৬১; প্যাকেজ নং- GWS5 হতে নির্বাহ করা হবে।

১.২। আলোচ্য কাজটি পিপিআর-২০২৫ এর বিধি ৭৮(১) ধারা অনুসরণে উন্মুক্ত দরপত্র পদ্ধতি(ওটিএম, ই-জিপি) প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, PSTP Division, Dhaka WASA কে রাখা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের চুক্তি বাস্তবায়নসহ যাবতীয় কাজসমূহ Executive Engineer, PSTP Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।

ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ এর ৭৮(১) ধারা অনুসারে উন্মুক্ত দরপত্র পদ্ধতি(ওটিএম, ই-জিপি) তে দরপত্র আহবান এর অনুমোদন।

গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৫-২৬ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের “পানি ও পয়ঃ শোধনাগার(ও এন্ড এম)” (কোড ০১-০৪-০১১) খাত হতে ব্যয় নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, উপযুক্ত প্রস্তাবনাসমূহ প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন।

১৮৮
মোঃ হাসিবুল হাসান
উপ-বিভাগীয় প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।

সৈয়দ শিহাবুর রহমান
নির্বাহী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাপার বিভাগ
ঢাকা ওয়াসা।

~~SE(wstpe)~~

(মির্জা গোলাম কিবরিয়া)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।

2.81 $\nabla \cdot \vec{u} = \frac{1}{r} \frac{\partial}{\partial r} (r u_r)$

Len, AST

শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াশা।